# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ
Phone: 9550403 email:dgmlad1@krishibank.org.bd


মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৩(৭)/২০২০-২০২১/৬৭৮(১২০০) তারিখঃ ১৫/০৯/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ পুনঃতফসিলকৃত Continuous Loan, Loan against Deposit and Demand Loan কে Term Loan এ রূপান্তর করে সংশ্লিষ্ট হেড/সাবহেড এ স্থানান্তর প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং-১৪ ও ১৫ তারিখ ২৩ সেপ্টেম্বর ২০১২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং- ১৫ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরন পূর্বক Continuous Loan, Loan against Deposit and Demand Loan কে পুনঃতফসিলকরণ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করার যাবতীয় নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক বর্ণিত খাতের ঋণ হিসাবসমূহ এর পুনঃতফসিলকরণ কার্যক্রম সম্পন্ন করার পর মেয়াদী ঋন হিসাব খাতে হিসাবভূক্ত করার বিধান রয়েছে। বিআরপিডি সার্কুলার নং- ১৪ এর নির্দেশনা অনুসারে মেয়াদী ঋণ হিসাবসমূহকে সিএল-৪ এ রিপোর্ট করার নির্দেশনা রয়েছে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির পর বর্ণিত খাতের পুনঃতফসিলকৃত ঋণ হিসাবসমূহকে যথাযথভাবে হিসাবায়ন ও সিএল-৪ এ রিপোর্ট করার জন্য আলাদা হেড/সাবহেড এ সংরক্ষন করতে হবে। উক্ত খাতের পুনঃতফসিলকৃত ঋণ হিসাবসমূহকে মেয়াদী হিসাব খাতে হিসাবভূক্তির জন্য নতুন হেড/সাবহেড নির্ধারনের বিষয়ে কেন্দ্রীয় হিসাব বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৪। এমতাবস্থায়, সঠিক হিসাবায়ন ও ঋণ শ্রেণি বিন্যাস বিবরণী প্রস্তুত করার স্বার্থে বিআরপিডি সার্কুলার নং-১৪ ও ১৫ তারিখ ২৩ সেপ্টেম্বর ২০১২ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরন পূর্বক অনুমোদিত পুনঃতফসিলকৃত Continuous Loan, Loan against Deposit and Demand Loan কে Term Loan এ স্থানান্তরপূর্বক সঠিকভাবে হিসাবায়ন ও সিএল বিবরণী-৪ এ রিপোর্ট করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৩(৭)/২০২০-২০২১/৬৭৮(১২০০) তারিখঃ ১৫/০৯/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগকে প্রয়োজনীয় হেড/সাবহেড খোলার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটের উন্মুক্ত Zone এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

১৫/০৯/২০২০

(মোঃ নাজমুল করিম চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক